I 6430 1000 Rs.




... under Rule ... the
Stamped under the Indian Stamp
Act. 1899 amended by Act. III
of 1922 and Section 32 (1) of the
Calcutta Improvement Act. 1911
Schedule I.A. No. 23456
Rs. 1525 P. 50

Stamp duty paid under the Indian
Stamp Act. as amended by Act. III
of 1899 and also as amanded by
W.B. Stamp Amendment Act of 1964
Additional Duty paid under the
Calcutta Improvement Act. 600.00
Paid in Excess..........
Total 2125.50
Fee Paid..........

A 181.50
E 4.00
N 5.50
191.00

18/12/72

Santwana Roy

কোবালা গ্রহীতা ঃ—

---------

শ্রীমতী উমা মুখোটী
স্বামী শ্রী ধ্রুব নাথ মুখোটী
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
সাং ১৩১ নং যোধপুর পার্ক,
ঢাকুরিয়া, থানা টালিগঞ্জ—
জেলা ২৪ পরগণা, কলিকাতা ৬৮।

কোবালা দাতা ঃ—

---------

শ্রীমতি শান্তনা রায়
স্বামী ৺ শুভ্রেন্দু শেখর রায়
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
সাকিম ১১৪।এইচ, সেলিমপুর
রোড, থানা যাদবপুর,
জেলা ২৪ পরগণা, কলিকাতা৩১।

কমবেশ /৩॥/২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ
স্কোয়ার ফুট জমি মায় তদুপরিস্থিত পাকা দ্বিতল
ইমারত বাটীর অবিভক্ত অর্দ্ধাংশের সাফ বিক্রয়
কোবালা। মূল্য ৩০,০০০ ত্রিশ হাজার টাকা।

No. 23834 Uma Mukherjee
Sold to Mr. ...
of 131 Jodhpur Park
Cal 68
For Rs. 1000/-
Date 16/12/74 Stamp Vendor
24 Parganas Treasury, Alipur.

23834 - 1000.00
23835 - 1000.00
23836 - 100.00
23837 - 25.00
23838 - 0.50
2125/50

— Santwana Roy

Presented for Registration at 11-50 A. M. on the 18th day of Dec 1974 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Santana Roy Executant or Claimant or attorney for ...

Santana Roy
Son/Wife of Late Subhendu Sekhar Roy
A 114/H Selimpur Road
Thana Jadavpur
District Calcutta - 31
By Caste Hindu by Profession Housewife

18/12/74
Joint Sub-Registrar of Alipore at Alipore
Dist. 24 Parganas

— Santwana Roy

6335

Ajoy Kumar Bose
Son/Wife of Late Ajit Kumar Bose
A 114/H Selimpur Road
Thana Jadavpur
District Calcutta - 31
By Caste Hindu by Profession Service

Ajit Kumar Bose

18/12/74
Joint Sub-Registrar of Alipore at Alipore
Dist. 24 Parganas

1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Sanjivana Roy



কস্য রায়তি স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জমি মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইমারত বাটী সাজপাট সরঞ্জাম ইলেকট্রিক কানেকসান ও জলের কল ও সর্ববিধ আওলাত আদি ইজমেন্ট সমেত নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ হাল থানা যাদবপুর - অনুর্গত জে এল নং ৪২ , পরগণা খাসপুর , সাবরেজেষ্ট্রী অাফিস আলীপুর মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগে লিপিবদ্ধ মোট ·৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জমি জনৈক সুকুর মণ্ডলের ষোল আনা রকমের স্বত্ব দখলি সম্পত্তি থাকে এবং উক্ত জমি তাহার স্ত্রী- আলেকজান বিবির নাম বরাবর গত ডিষ্ট্রিক্ট সার্ভে সেটেলমেন্টে রেকর্ড অফ্ রাইট এ জমিদার সেবাইত রাম গোপাল দাস নস্কর দিগরের অধিনে

100 Rs.






প্রজা স্বরূপে লিপিবদ্ধ হয় এবং তদ্দ্বাবদ উক্ত জমিদার সরকার দিগরের সেরেস্তায় বার্ষিক ১৮৲টাকা আঠারো টাকা জমা খাজনা ধার্য্য থাকে। উক্ত সুক্কুর মণ্ডল উক্ত জমি খাসে ভোগদখল করা অবস্হায় পরলোকগমন করায় তাহার ওয়ারিসগনের নিকট হইতে অধুনা মৃত হৃষিকেশ মিত্র মহাশয় বিভিন্ন তারিখে ছয় খানি বিভিন্ন কোবালা দ্বারা উক্ত ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগে মোট •৮৯ শতক জমি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নির্ব্যূঢ় স্বত্ত্বে খরিদ করতঃ খাসে ভোগদখলিকার হয়েন ।

উক্ত হৃষিকেশ মিত্র মহাশয়ের নাম বরাবর উক্ত সুক্কুর মণ্ডলের ওয়ারেস মেহের মণ্ডল ও লালবাবু মণ্ডল তাহাদিগের অবিভক্ত তিন আনা চারি গণ্ডা অংশে গত ইংরাজী সন ১৯৪০ সালে ৬ই এপ্রিল তারিখে সম্পাদিত এক নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দেন । উক্ত সুক্কুর মণ্ডলের অন্যতম ওয়ারেস ওয়াহাজ সাফুই তাহার অবিভক্ত আট গণ্ডা অংশে উক্ত হৃষিকেশ মিত্র

25 Rs.




Santwana Ray



মহাশয়কে ইংরাজী সন ১৯৪০ সালে ১১ ই জুন তারিখে সম্পাদিত এক নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা মূলে বিক্রয় করেন। তৎপর উক্ত সুক্কুর মণ্ডলের স্ত্রী তাহার অবিভক্ত দুই আনা আট গণ্ডা তিন কড়া দুই ক্রান্তি অংশ উক্ত হৃষিকেশ মিত্র মহাশয়কে ইংরাজী সন ১৯৪০ সালে ১৫ই আগস্ট তারিখে সম্পাদিত এক নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা মূলে বিক্রয় করেন। তদপর উক্ত সুক্কুর মণ্ডলের অপর ওয়ারেস শ্রীমতি লেকজান বিবি ও সুরতান - বিবি তাঁহাদের অবিভক্ত পাঁচ আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি অংশ উক্ত শ্রী হৃষিকেশ মিত্র মহাশয়কে ইংরাজী সন ১৯৪০ সালের ১৬ ই আগস্ট - তারিখে সম্পাদিত এক নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা মূলে বিক্রয় করেন। তৎপর উক্ত সুক্কুর মণ্ডলের অপর ওয়ারেস হামিদননেসা বিবি উক্ত হৃষিকেশ মিত্র মহাশয়কে তাহার অবিভক্ত দুই আনা তেরো গণ্ডা এক দন্তি অংশ গত ইংরাজী ১৯৪০ সালে ৪ ঠা সেপ্টেম্বর তারিখে সম্পাদিত এক সাফ বিক্রয় কোবালা মূলে বিক্রয় করেন তৎপর উক্ত সুক্কুর মণ্ডলের অপর ওয়ারেস নাবালক আজিজ সাফুই পক্ষে গার্জেন ওয়হাজ সাফুই তাহার অবিভক্ত এক আনা ছয় পূর্ণ দুই এর তিন গণ্ডা অংশ উক্ত হৃষিকেশ মিত্র মহাশয়ের পক্ষে বেনামদার অনাথ বন্ধু রায়ের

50 nP

INDIA

पचास नये पैसे पचास नये पैसे

भारत

FIFTY NAYE PAISE



Santimoy Roy

নাম বরাবর সম্পাদিত ইংরাজী ১৯৪৩ সালে ২৬ শে মার্চচ তারিখে এক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা মূলে নিব্যূঢ় স্বত্ত্বে বিক্রয় করেন । পরে সন ১৯৪৬ সালে ২০ শে জুন তারিখে উক্ত অনাথ বন্ধু রায় উক্ত হৃষিকেশ মিত্রের নাম বরাবর এক নাদাবী পত্র সম্পাদন ও রেজেষ্টী করিয়া দেন । উক্ত-উপরে লিখিত ছয় খানি কোবালা ও একখানি নাদাবী পত্র দলিলের বিবরন নিম্নের 'খ' তপশীলে লিখিত দলিলের জায়ে প্রদত্ত হইল । উপরোক্ত বর্ণনা অনুসারে উক্ত মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ নং দাগে ·৮৪ শতক ও ৪১৮ নং দাগে ·০৫ শতক একুনে ·৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্ত্বের জমি ষোল আনা রকমে উক্ত হৃষিকেশ মিত্র মহাশয় তৎকালিন উপযুক্ত-পোণে খরিদ মূলে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্ত্বে স্বত্ববান ও দখলিকার হয়েন এবং উপরিস্থিত মালিক জমিদার সেরেস্তায় দেয় খাজনাদি আদায়ে খাসে ভোগদখলিকার হয়েন । তৎপর গত ইংরাজী সন ১৯৫০ সালে

৯ই মার্চ্চ তারিখে সম্পাদিত এক নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা মূলে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যুঢ় স্বত্ত্বে উক্ত হৃষিকেশ মিত্র মহাশয় - উক্ত মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগে ·৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্ত্বের জমি সায় তাহার আরও বহুতর জমি কোম্পানীজ্ এ্যাক্ট অনুসারে গঠিত ও রেজেষ্ট্রীকৃত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট - লিমিটেডকে সম্পূর্ণ নির্দ্দোষ ও নির্দ্দায় অবস্থায় নিব্যুঢ় সত্ত্বে বিক্রয় করেন এবং বিক্রিত সম্পত্তি হইতে এককালিন সম্পূর্ণ রূপে চিরতরে স্বত্ত্বচ্যুত ও দখলহীন - হন। উক্ত বিক্রয় কোবালা ইংরাজী সন ১৯৫০ সালে আলিপুরের জয়েন্ট - সাবরেজেষ্ট্রী আফিসের ১নং বহির ২৮ নং ভ্যলুমে ১২৭ হইতে ১৩৪ নম্বর পাতায় ৯৭৫ নং দলিল রূপে রেজেষ্ট্রী হইয়াছে। উক্ত মেসার্স রমানাথ ষ্টেট প্রাইভেট লিমিটেড তাহাদিগের খরিদের পর উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের জমি নিজ খাসে রাখিয়া উপরিস্থিত মালিকের খাজনাদি আদায়ে ও মিউনিসিপ্যালিটীর ট্যাক্সাদি আদায়ে ষোল আনা মালিক স্বরূপে ভোগ দখলিকার হয়েন। উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের জমি কলিকাতা কর্পোরেসানে টালিগঞ্জ এলাকায় ৯৭ নং ওয়ার্ডে ৪৭সি মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত থাকে এবং তৎ বাবদ কলিকাতা কর্পোরেসানকে উক্ত কোম্পানী ট্যাক্সাদি আদায় দেন এবং উক্ত দুই দাগ জমি সম্বন্ধে উক্ত কোম্পানীর নাম কলিকাতা কর্পোরেসানে পত্তন হয় এবং এ্যাসেসমেন্ট হয়। উক্ত কোম্পানী উক্ত ৪১৭ নং ও ৪১৮ নং দাগের জমি সায় তৎ সংলগ্ন আরও জমি রীতিমত উন্নতি সাধন করিয়া - বাসোপযোগী ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয় করিবার উদ্দেশ্যে একটি - স্কিম প্ল্যান প্রস্তুত করেন এবং মুর এভিনিউ নামক মিউনিসিপ্যালিটীর সদর - রাস্তা হইতে একটি ৩২ ফুট ১০" ইঞ্চি প্রশস্ত রাস্তা প্রস্তুত করাইয়াছেন।

গত ইংরাজী ১৯৬৯ সালে ১লা আগষ্ট তারিখে সম্পাদিত এক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা মূলে ৪৭।১।এ নং হাজরা রোড নিবাসী শ্রীঅতিন্দ্র কুমার মিত্র মহাশয়ের নিকট হইতে কোবালা দাত্রী ও তাহার ভগিনী শ্রীমতি অর্চনা বসু উভয়ে উক্ত শিবপুর মৌজায় ১৫৫ নং খতিয়ানের অধিন ৪১৯ নম্বর দাগের মধ্য হইতে কমবেশ পাঁচ কাঠা জমি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে তৎকালিন বাজারোচিত মূল্যে খরিদ করেন এবং তাহাতে খাসে দখলিকার হয়েন ও থাকেন। উক্ত বিক্রয় কোবালা আলিপুরের ডিষ্ট্রিক্ট সাবরেজেষ্ট্রী অফিসে ইংরাজী ১৯৬৯ সালে ১নং বহির ৯৫ নং ভলুমে ১৮৮ হইতে ১৯৩ নং পাতায় ৩৩৪১নং বিয়িং রূপে রেজেষ্টারীকৃত হইয়া লিপিবদ্ধ আছে। উক্ত ইংরাজী ১৯৬৯ সালে ১লা আগষ্ট তারিখে সম্পাদিত এক একসচেঞ্জ দলিল পত্র মূলে কোবালা দাত্রী ও তাহার ভগিনী উক্ত শ্রীমতী অর্চনা বসু উভয়ে একযোগে উক্ত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেডের নিকট হইতে তাহা দিগের স্বত্ব দখলি জেলা ২৪ পরগণা থানা যাদবপুর জে এল নং ৪২ মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ানে লিপিবদ্ধ উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগে মোট ·৮৯ শতক জমির মধ্য হইতে পাঁচ কাঠা জমি তাহাদের উক্ত শ্রী অতিন্দ্র কুমার মিত্র মহাশয়ের নিকট হইতে খরিদা পাঁচ কাঠা জমির বিনিময়ে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হয়েন এবং তাহাতে খাসে দখলিকার হয়েন। উক্ত একসচেঞ্জ দলিলে মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড প্রথম পক্ষ এবং কোবালা দাত্রী ও তাহার ভগিনী শ্রীমতি অর্চনা বসু দ্বিতীয় পক্ষ উল্লেখে বর্ণিত হইয়াছে। উক্ত একসচেঞ্জ দলিল মূলে দ্বিতীয় পক্ষের প্রাপ্ত উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের মধ্য হইতে পাঁচ কাঠা রায়তি স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জমি যাহার বিশেষ বর্ণনা ও চৌহদ্দি উক্ত একসচেঞ্জ দলিলের ।ক। তপশীলে প্রদত্ত হইয়াছে –

এবং উক্ত দলিল সংলগ্ন প্ল্যানে উক্ত পাঁচ কাঠা জমি হরিদ্রা রংয়ে সীমা রেখা দ্বারা বেষ্টিত করিয়া প্রদর্শিত হইয়াছে। উক্ত একসচেঞ্জ দলিল আলিপুর ডিষ্ট্রিক্ট সদর রেজেষ্ট্রী অফিসের ইংরাজী সন ১৯৬৯ সালের ১নং বহির ১০৫ নং ভল্যুমে ১৭৯ হইতে ১৮৬ পাতায় ৩৩৪৬ নং বিয়িং রূপে রেজেষ্ট্রীকৃত দলিল হইয়া লিপিবদ্ধ আছে। উক্ত ইংরাজী ১৯৬৯ সালে ১লা আগষ্ট তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত এক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা মূলে কোবালাদাত্রী ও তাহার ভগিনী শ্রীমতি অর্চনা বসু উক্ত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেডের নিকট হইতে উক্ত মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ানে ৪১৭ এবং ৪১৮ নং দাগের মধ্য হইতে দুই কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফুট জমি সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে তৎকালিন উপযুক্ত মূল্যে খরিদ করেন এবং তাহাতে খাসে দখলিকার হয়েন। উক্ত খরিদা জমি উক্ত খরিদা কোবালা সংলগ্ন প্ল্যানে হরিদ্রা সীমারেখা দ্বারা বেষ্টিত করিয়া প্রদর্শিত হইয়াছে। উক্ত খরিদা কোবালা আলিপুর ডিষ্ট্রিক্ট সাবরেজেষ্ট্রী আফিসে সন ১৯৬৯ সালের ১নং বহির ৯৬ নং ভল্যুম ১৮০ হইতে ১৮৫ নম্বর পাতায় ৩৩৪২ নং বিয়িং রূপে রেজেষ্ট্রী হইয়াছে।

মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেডের নিকট হইতে উক্ত একসচেঞ্জ দলিল মূলে প্রাপ্ত পাঁচ কাঠা জমি ও উক্ত খরিদ মূলে প্রাপ্ত দুই কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফুট জমি পরস্পর সংলগ্ন জমি হইতেছে এবং দুইটী প্লট একুনে সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফুট জমি হইতেছে এবং উক্ত জমি উক্ত মৌজা শিবপুরে জে এল নং ৪২, ১৭৭ নং খতিয়ানে ৪১৭ ও ৪১৮ নম্বর দাগ ভুক্ত জমি হইতেছে এবং তাহা কলিকাতা কর্পোরেসনে ৯৭ নং ওয়ার্ডে ৪৭ সি নম্বর মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত জমি হইতেছে। কোবালা দাত্রী ও তাহার ভগিনী উক্ত শ্রীমতী অর্চনা বসু উভয়ের যৌথ ভাবে উক্ত ও নিম্নের 'ক' তপশীলে বর্ণিত উক্ত সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফুট জমি সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় -

নিবূঢ় সত্ত্ব খাসে ভোগদখলিকার হয়েন এবং কলিকাতা কর্পোরেসানে উক্ত ৪৭ সি নং মুর এভিনিউ প্রেমিসেস সংক্রান্ত রেকর্ডে তাহাদের নাম খারিজ - করেন এবং এক্ষনে কোবালা দাত্রী ও তাহার ভগিনী শ্রীমতি অর্চনা বসুর স্বত্ব - দখলি উক্ত সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফুট জমি তাহাদের উভয়ের নামে মালিক স্বরূপে ৪৭।সি।১নং মুর এভিনিউ প্রেমিসেস উল্লেখে কলিকাতা কর্পোরেসান রেকর্ড ও এ্যাসেসড হইয়াছে ।

তৎপর কোবালা দাত্রী ও তাহার ভগিনী উক্ত শ্রীমতী অর্চচনা বসু উক্ত ৪৭সি।১ নং মুর এভিনিউ প্রেমিসে স্থিত জমির মধ্যে আলাহিদা ভাবে কলিকাতা কর্পোরেসানের অনুমোদিত স্যাংসানড প্ল্যান অনুয়ায়ী দুইটী - দ্বিতল পাকা ইমারত বাটী প্রস্তুত করেন এবং তাহাতে ইলেকট্রিক কানেকসান পরিশ্রুত জলের কনেকসন লইয়াছেন এবং সেপটিক ট্যাঙ্ক পায়খানা প্রস্তুত - করিয়াছেন । উক্ত ৪৭।সি।১নং মুর এভিনিউ প্রেমিসেসে যাতায়াতের জন্য মুর এভিনিউ রাস্তা হইতে উক্ত রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানী কর্ত্তৃক প্রস্তুতি বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত রাস্তার উপর দিয়া যাতায়াতাদি - ব্যবহার জনিত সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্ব কোবালা দাত্রী ও তাহার ভগিনী - উক্ত শ্রীমতি অর্চচনা বসুর আছে । কোবালা দাত্রী আমি ও আমার উক্ত ভগিনী একযোগে আমাদের নির্ম্মিত উক্ত বাটী দুইটীর উপর ত্রিতল ঘরাদি করিবার - জন্য কলিকাতা কর্পোরেসান আমাদের উভয়ের নামে একটি নূতন প্ল্যান - অনুমোদন বা স্যাংসানড করিয়াছে এবং উক্ত প্ল্যানের নম্বর বিলডিং স্যানস্যানড নং ১৩৪।টি। যাহা ইংরাজী ১৯৭৪ সালের ৩০ শে জুলাই তারিখে অনুমোদন বা স্যানসানড হইয়াছে এবং উক্ত স্যানস্যানড প্ল্যান আমরা পাইয়াছি ।

আমি ও আমার ভগিনী উক্ত শ্রীমতী অর্চচনা বসুর সত্ত্ব দখলি উক্ত - ৪৭।সি।১নং মুর এভিনিউস্থিত প্রেমিসেসের মধ্য হইতে পূর্ব্ব দিকের চিহ্নিত

অর্দ্ধাংশ জমি মায় তদুপরিস্থিত দ্বিতল বাটী মায় প্রাচীর আদি ইতিপূর্ব্বে আমরা উভয়ে শ্রীমতী বাণী ভট্টাচার্য্যকে দুইখানি আলাদিয়া দলিল দ্বারা বিক্রয় করিয়া দিয়াছি এবং বিক্রিত সম্পত্তিতে উক্ত শ্রীমতী বাণী ভট্টাচার্য্যকে খাসে দখল দিয়াছি।

এক্ষনে কোবালা দাত্রী আমি উক্ত সমুদয় ৪৭।সি।১ নম্বর প্রেমিসেসস্থিত মোট সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়্যার ফুট জমির মধ্য হইতে পশ্চিম অর্দ্ধাংশ জমি যাহা মাপে তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়্যার ফুট হইতেছে তাহা ও তদুপরিস্থিত একটি পাকা দ্বিতল ইমারত বাটী মায় সাজ সরঞ্জাম ইলেকট্রিক - ইনষ্টলেসান পরিস্রুত জলের কল স্কেপটিক ট্যাঙ্ক পায়খানা মায় চতুর্দ্দিকে প্রাচীর ও তৎ সংলগ্ন কম্পাউণ্ড মায় তদুপরিস্থিত সর্ববিধ ইজমেন্ট ও আওলাতাদি দরবস্ত হক হক্কু মায় উক্ত দ্বিতল বাটীর উপর নূতন ত্রিতল বাটী প্রস্তুত করিবার জন্য কলিকাতা কর্পোরেসান কর্তৃক অনুমোদিত উক্ত স্যাংশানড প্ল্যান ও উক্ত প্ল্যান অনুযায়ী নূতন ত্রিতল বাটি প্রস্তুত করিবার যাবতীয় স্বত্ব, স্বামীত্ব ও অধিকার সম্বলিত অবস্থায় - আমার স্বত্ব দখলি অবিভক্ত অর্দ্ধাংশ সম্পূর্ণ নির্দ্দোষ ও নির্দ্দায় অবস্থায় নিব্যূঢ় স্বত্বে বিক্রয় করিবার ঘোষণা করিলে তাহা কোবালা গ্রহিতা আপনি বাজারোচিত - সর্ব্বোচ্চ পণ বেলমোক্তা ৩০,০০০৲ ত্রিশ হাজার টাকা মূল্যে খরিদ করিবার - প্রস্তাব করিলে আমি তাহাতে সম্মত হই এবং আপনার সহিত এক মৌখিক চুক্তি করি।

আপনার সহিত আরও চুক্তি হইয়াছে যে পণের মোট ত্রিশ হাজার টাকার মধ্য হইতে কোবালা সম্পাদন কালিন কুড়ি হাজার টাকা নগদ দিবেন এবং - বক্রী দশ হাজার টাকা এককালিন দিতে সক্ষম না হওয়ায় কোবালা সম্পাদনের - তারিখ হইতে চার বৎসর সময় মধ্যে উক্ত টাকা প্রতি বৎসরে দুই হাজার পাঁচ শত

Sunil Kumar Roy

টাকা হিসাবে চারি সম কিস্তীতে সম্পূর্ণ রূপে পরিশোধ করিয়া দিবেন এবং অপরিশোধিত টাকার জন্য অত্র দলিল মূলে বিক্রিত সম্পত্তির উপর - অপরিশোধিত পণের টাকার জন্য আইন সঙ্গত লিয়েন (lien) অক্ষুন্ন রাখিয়া আপনি বিক্রিত সম্পত্তির উপর উক্ত অপরিশোধিত টাকার জন্য চার্জ্জ যুক্ত - করিয়া একটি আলাদিয়া প্রথম বন্ধকী দলিল আমার অনুকূলে এই দলিল - সম্পাদন কালিন সম্পাদন ও রেজেষ্টী করিয়া দিবেন এবং উক্ত বন্ধকী দলিলে আপনার স্বামী শ্রী ধ্রুব নাথ মুখোটী পক্ষভুক্ত হইয়া আপনার সহিত উক্ত বন্ধকী দলিল সম্পাদন ও রেজেষ্টী করিয়া দিবেন। সেমতে উপর্য্যুক্ত চুক্তি অনুসারে পণের উক্ত মোট ত্রিশ হাজার টাকার মধ্যে অদ্য তারিখে নিম্নের জায়মত - কুড়ি হাজার টাকা নগদ বুঝিয়া পাইয়া এবং তাহা নিম্নের জায়ে প্রদত্ত রসিদ মূলে প্রাপ্তি স্বীকার করিয়া এবং পণের বক্রী অপরিশোধিত দশ হাজার টাকার জন্য অত্র দলিল মূলে বিক্রিত সম্পত্তি অপরিশোধিত পণের উক্ত টাকার লিয়েন

S.R. (lien) অক্ষুন্ন রাখিয়া উক্ত দশ হাজার টাকার জন্য প্রথম চার্জ্জ আবদ্ধ - রাখিয়া একটি আলাহিদা প্রথম চার্জ্জ যুক্ত বন্ধকী দলিল আমার অনুকূলে অত্র দলিল সম্পাদনকালিন সম্পাদন করিয়া দেওয়ায় আমি অদ্য তারিখে আপনার - অনুকূলে উক্ত ত্রিশ হাজার টাকার পণে নিম্নের 'ক' তপশীলে বর্ণিত সম্পত্তিতে - আমার অবিভক্ত অর্দ্ধাংশ উক্ত দশ হাজার টাকার জন্য প্রথম চার্জের দায়যুক্ত - অবস্থায় নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্ত্বে আপনাকে বিক্রয় করিলাম এবং বিক্রিত সম্পত্তি হইতে এককালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং - উক্ত বিক্রিত সম্পত্তিতে আপনাকে খাস দখল দিলাম।

আপনি অদ্যকার তারিখ হইতে উক্ত বিক্রিত সম্পত্তিতে আমার - যাবতীয় সত্ত্বে সত্ত্বতী ও দখলকারিনী হইয়া দান বিক্রয় বন্ধক লিজাদি -

সর্ববিধ ও সর্বব প্রকার হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে অন্যের নিরাংশে ও বিনা আপত্তিতে ও বিরুদ্ধ স্বত্বে পুত্র পৌত্রাদি ও ওয়ারেস ও স্থলাভিষিক্ত - গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি ওয়ারেস ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কোন রকম ওজর আপত্তি দাবী দাওয়া করিতে - পারিব না ও পারিবে না বা করিলেও তাহা সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইবে। উক্ত ও নিম্নের 'ক' তপশীলে বর্ণিত সম্পত্তির বিক্রিত অর্দ্ধাংশ আমার স্ত্রীধন অর্থে অর্জিত সম্পত্তি হইতেছে এবং তাহা দান বিক্রয় ও সর্বব প্রকারে হস্তান্তর করিবার সম্পূর্ণ উত্তম বিক্রয় যোগ্য স্বত্ব ও অধিকার আমারআছে।

প্রকাশ থাকে যে উক্ত ও নিম্নের।ক। তপশীলে বর্ণিত সম্পত্তির - আমার অবিভক্ত অর্দ্ধাংশ বিক্রয় করিবার জন্য আমি ইতিপূর্বে অপর কাহারও সহিত কোনরূপ চুক্তি - করি নাই বা কাহাকেও বিক্রয় করি নাই বা কাহাকেও দান বন্ধক লিজাদির দ্বারা কোন প্রকার হস্তান্তর বা দায়বদ্ধ করি নাই বা উক্ত সম্পত্তি সংক্রান্ত কোনরূপ ট্রাস্ট করি নাই বা উক্ত সম্পত্তিতে কোন দেব - সেবাদির জন্য বা কাহারও খোরপোষের জন্য কোন প্রকার চার্জ্জ বা লিয়েন নাই বা উক্ত সম্পত্তি সংক্রান্ত কোন আদালতে কোন মোকর্দ্দমা দায়ের নাই - বা কোন আদালত কর্ত্তৃক কোন ক্রোক বা ইনজংসান বা নিষেধাজ্ঞা বলবৎ বা প্রচারিত নাই বা উক্ত বিক্রিত সম্পত্তি সংক্রান্ত সরকার বাহাদুর বা কোন পাবলিক বডি কর্ত্তৃক কোন একুইজিসান বা রিকুইজিসান হয় নাই বা তৎ বাবদ কোন নোটিশ প্রচারিত নাই। উক্ত ও নিম্নের।ক। তপশীলে বর্ণিত সম্পত্তির - অবিভক্ত অর্দ্ধাংশ সম্পূর্ণ নির্দ্দোষ ও নির্দ্দায় অবস্থায় আমার খাস দখল থাকা - অবস্থায় আপনাকে আমার অনুকূলে আপনার কর্ত্তৃক সম্পাদিত উক্ত ১০,০০০৲ দশ হাজার জন্য প্রথম চার্জ্জ যুক্ত অবস্থায় বিক্রয় করিলাম।

Sourav Roy

আপনি উক্ত বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত রাস্তার উপর দিয়া যাতায়াত ও যানবাহনাদি লইয়া যাইবার ও উক্ত রাস্তার উপর দিয়া ইলেকট্রিক টেলিফোন এর ওভারহেড কেবল লাইন ও রাস্তার তলদেশ দিয়া উক্ত রাস্তার উপর বা তলদেশ দিয়া জলের পাইপ লাইন ও রাস্তার তলদেশ দিয়া স্যুয়ার ড্রেণ লইবার ও রাস্তার পার্শ্ববর্ত্তী সারফেস্ ড্রেণ দিয়া বাটীর জল নিকাশ করিবার যাবতীয় ইজমেন্ট - স্বত্বাদি যাহা আমি ও আমার ভগিনী শ্রীমতি অর্চনা বসু আমাদের অনুকুলে - সম্পাদিত উক্ত একসচেঞ্জ দলিল মূলে ও খরিদা দলিল মূলে মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেডের নিকট হইতে পাইয়াছি তৎ সমুদয় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি আপনি পাইলেন এবং তাহা উপভোগ ও পরিচালনা করিতে সম্পূর্ণ হকদার হইলেন ।

আরও প্রকাশ থাকে যে যদি আপনার উক্ত আবশ্যকীয় কার্য্যের জন্য উক্ত - রাস্তা খুঁড়িবার আবশ্যক হয় তাহা হইলে আপনি আপনার কার্য্য শীঘ্র সমাধা - করিয়া আপনার খরচায় সত্বর উক্ত রাস্তা পূর্ব্ববত অবস্থায় মেরামতাদি করিয়া - রাখিবেন । আপনার উক্তরূপ কার্য্যের জন্য অপর কাহারও উক্ত রাস্তা ব্যবহারে বা যানবাহনাদি চলাচলের কোন বিঘ্ন বা প্রতিবন্ধক জন্মাইতে পারিবেন না ।

আরও প্রকাশ থাকে যে আপনি অত্র খরিদের পর কলিকাতা কর্পোরেসনে অত্র দলিল মূলে বিক্রিত সম্পত্তি সংক্রান্ত আমার স্থানে আপনার নাম জারী - করাইয়া লইবেন ও লইতে হকদার হইবেন এবং আপনার নিজ নামে আইনানুযায়ী - ট্যাক্সাদি এ্যাসেস করাইয়া লইতে পারিবেন । উপরিস্থ মালিক জমিদার সেরেস্তায় অত্র বিক্রিত দলিল মূলে আপনার বিক্রিত খরিদা জমিজমা সংক্রান্ত আপনার নাম জারী করাইয়া লইতে পারিবেন এবং উক্ত জমি বাবদ দেয় হারাহারি খাজনা - আদায় দিবেন ।

আরও প্রকাশ থাকে যে কোবালা দাতা আমার ও আমার উক্ত -

ভগিনী শ্রীমতি অর্চচনা বসুর অনুকুলে উক্ত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট - লিমিটেড কর্ত্তৃক সম্পাদিত উক্ত একসচেঞ্জ ও বিক্রয় কোবালা দলিল বাদে তৎ পূর্ব্বে কোন দলিলাদি উক্ত রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর - নিকট হইতে অন্য কোন দলিলাদি পাই নাই । উক্ত সমুদয় দলিলাদি উক্ত - কোম্পানীর সেফ কাসটোডিতে রক্ষিত আছে । উক্ত কোম্পানী কর্ত্তৃক উক্ত - একসচেঞ্জ দলিল ও উক্ত বিক্রয় কোবালা প্রদত্ত কভেনান্ট বা চুক্তি মূলে আপনি অত্র দলিল মুলে উক্ত কোম্পানীর নিকট হইতে তাহাদের নিকট রক্ষিত অত্র - দলিল মুলে বিক্রিত সম্পত্তি বাবদ পূর্ব্বের আবশ্যকীয় দলিলাদি আপনার - খরচায় ইনসপেক্সান লইতে ও আপনার তলব মতে আপনার খরচায় আদালতাদিতে প্রডাকসান পাইতে পারিবেন ও হকদার হইবেন ।

আরও প্রকাশ থাকে যে আবশ্যক হইলে আপনার খরচায় উক্ত রমা নাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর নিকট হইতে উক্ত দলিল গুলি সায় প্ল্যান বা তাহাদের মধ্যে কোন দলিলের অবিকল নকল আপনি পাইবেন এবং পাইতে হকদার রহিলেন ।

বিক্রিত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় দলিলাদি যাহা আমার ও আমার ভগিনী শ্রীমতী অর্চচনা বসুর নিকট ছিল এবং যাহার বিবরন নিম্নের - ।গ। তপশীলে প্রদত্ত হইল তাহা আপনাকে অদ্য তারিখে প্রদান করিলাম ।উক্ত ।গ। তপশীলে লিখিত দলিল গুলির সহিত উক্ত শ্রীমতী বাণী ভট্টাচার্য্যকে বিক্রিত সম্পত্তি সংশ্লিষ্ট থাকায় আপনি বাণী ভট্টাচার্য্যের আবশ্যক মতে উক্ত দলিল -
S.R. / গুলি দর্শাইবেন এবং তলবমতে আদালতাদিতে (Produce) করিবেন এবং করিতে
S.R. / বাধ্য রহিলেন । উক্ত দলিল গুলি আপনি আপনার (Safe-custody তে) যত্ন - পূর্ব্বক রাখিবেন ।

Soumitra Roy

আরও প্রকাশ থাকে যে যদি ভবিষ্যতে ভ্রম বা প্রমাদ বা অসাবধানতা বশতঃ অত্র দলিলে কোন ভুল চুক থাকা প্রকাশ পায় তাহা হইলে উক্ত কারনে বা অপর কোন বৈধ কারনে কোন সংশোধন দলিল করিয়া দিবার আবশ্যক হয় তাহা হইলে আপনি বলিবামাত্র আপনার খরচায় আবশ্যকীয় সংশোধন দলিল করিয়া দিব ও দিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে কলিকাতা কর্পোরেসানে আপনার নাম জারী করিবার জন্য বা উপরিস্থ মালিক জমিদার সেরেস্তায় আপনার নাম জারী করিবার জন্য আমার কোন সাহায্য আবশ্যক হয় বা কোন সম্মতি সূচক দরখাস্তাদি দিবার আবশ্যক হয় তাহা হইলে আপনার খরচায় আপনি বলিবামাত্র করিয়া দিব ও দিতে বাধ্য রহিলাম। অদ্যতক্ কলিকাতা কর্পোরেসানের দেয় ট্যাক্সাদি ও উপরিস্থ মালিকের দেয় খাজনাদি যদি অপরিশোধিত থাকা প্রকাশ পায় তাহা আমি আমার অংশানুযায়ী নিজ তহবিল হইতে পরিশোধ করিয়া দিব ও দিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে উক্ত বিক্রিত " ক " তপশীল সম্পত্তির একতলে একজন মাসিক ভাড়াটিয়া আছেন। আপনি উক্ত ভাড়াটিয়া সমেত সম্পত্তি খরিদ করিলেন এবং উক্ত ভাড়াটিয়ার দখলি কৃত অংশে আপনাকে খাস দখল দিতে পারিলাম না।

এতদর্থে সুস্থ শরীরে সরলানুঃকরনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় পণের সমুদয় টাকা নিম্নের জায়মত সম্যক বুঝিয়া পাইয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে আপনার অনুকূলে রীতিমত সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ইংরাজী ১৯৭৪ সালের ১৮ই ডিসেম্বর মোতাবেক বাংলা সন ১৩৮১ সালের ২রা পৌষ।

Sonali Sanyal Roy

।১৬।

।ক। তপশীল

।। বিক্রীত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি ঃ-

জেলা ২৪ পরগণা, পরগনে খাসপুর সাবরেজেষ্ট্রী আলিপুর থানা সাবেক - সদর টালিগঞ্জ হাল যাদবপুর ১৫১ নং তৌজি ভুক্ত জে এল নং ৪২ রেঃসাঃ নং ৩৭ মৌজা শিবপুর ১৭৭ নং খতিয়ানে লিপিবদ্ধ ৪১৭ ও ৪১৮ নং দাগের মোট জমি ·৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্ত্ব বিশিষ্ট জমির মধ্য হইতে সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমির পশ্চিমাংশের অর্দ্ধেক কমবেশ তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি যাহা অত্র সংলগ্ন প্ল্যানে লাল সীমা রেখা দ্বারা বেষ্টিত করিয়া প্রদর্শিত হইয়াছে তাহা মায় তদুপরিস্থিত পাকা দ্বিতল - বাটী মায় সাজপাট সরঞ্জামাদি ইলেকট্রিক কানেকসান ও ফিটিংস, জলের পাইপ

S.R. ,কানেকসান জলের রিসারভয়ার (Reservoir) কম্পাউণ্ড, প্রাচীর ও সর্ববিধ আওলাত ইজমেন্ট স্বত্ত্বাদি দরবস্ত হক হকুক মায় উক্ত বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত রাস্তা দিয়া চলাচল ও যানবাহনাদির যাতায়াতের ও ব্যবহার জনিত সর্বব প্রকার ইজমেন্ট - স্বত্ত্বাদি সহ উক্ত সম্পত্তির বিক্রয় কোবালা দাত্রীর অবিভক্ত অর্দ্ধাংশ অত্র দলিল মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি কলিকাতা কর্পোরেসানে ৯৭ ওয়ার্ডে - ৪৭।সি।এক নম্বর মুর এভিনিউ প্রেমিসেসস্থিত সম্পত্তি হইতেছে। উক্ত বিক্রিত - সম্পত্তিতে কোবালা দাত্রীর রায়তি স্থিতিবান স্বত্ব হইতেছে এবং উক্ত সম্পত্তি - মৌজা শিবপুর নিবাসী জমিদার রাম গোপাল দাস নস্কর দিং অধীন উক্ত - ১৭৭ নং খতিয়ানে মোট জমি ·৮৯ শতক বাবদ বার্ষিক ১৮্টাকা আঠারো টাকা দেয় খাজনা ভুক্ত জমি হইতেছে। বিক্রিত জমি বাবদ উক্ত মোট ১৮্টাকা জমার মধ্যে হারাহারি মতে বার্ষিক তেরো পয়সা খাজনা দেয় হইতেছে। অত্র - সংলগ্ন প্ল্যানে লাল সীমারেখা দ্বারা বেষ্টিত করিয়া প্রদর্শিত জমি ও তদুপরিস্থিত-

Samir Kumar Roy

গৃহাদির অবিভক্ত অর্দ্ধাংশ অত্র দলিল মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে। উক্ত লাল সীমা রেখা দ্বারা বেষ্টিত জমির পূর্ব্ব সীমানায় যে পাকা প্রাচীর আছে - তাহা অত্র দলিল মূলে বিক্রিত। ক। তপশীল লিখিত সম্পত্তির ও উক্ত সম্পত্তির - পূর্ব্বদিকের সম্পত্তি যাহা আমি ও আমার ভগিনী শ্রীমতী অর্চনা বসু ইতিপূর্ব্বে শ্রীমতী বাণী ভট্টাচার্য্যকে বিক্রয় করিয়াছি তাহার মধ্যে কমন বা যৌথ - প্রাচীর হইতেছে ও থাকিবে এবং উক্ত প্রাচীর কোন পক্ষই কোন প্রকারে ক্ষতি - সাধন করিতে পারিবেন না এবং উভয়ের খরচে তাহা মেরামত ও রক্ষনাবেক্ষন - করিবেন। উক্ত তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমির চৌহদ্দি ঃ-

| | |
|---|---|
| উত্তর ঃ- | রমানাথ এস্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর - জমি। |
| পূর্ব্ব ঃ- | ৪৭।সি।১ নং মুর এভিনিউ প্রেমিসেসস্থিত পূর্ব্ব দিকের - অর্দ্ধাংশ জমি ও তদুপরিস্থিত বাটী যাহা আমি ও আমার ভগিনী শ্রীমতী অর্চনা বসু শ্রীমতী বাণী ভট্টাচার্য্যকে বিক্রয় - করিয়াছি। |
| দক্ষিন ঃ- | ৩২´ ১০´´ বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত - রাস্তা। |
| পশ্চিম ঃ- | রমানাথ এস্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর - জমি। |

"খ" তপশীল দলিলের তায় -
যাহা মেসার্স রমানাথ এস্টেট প্রাইভেট
লিমিটেড এর নিকট রক্ষিত আছে ঃ-

১। সন ১৯৪০ সালের ৬ই এপ্রিল তারিখে সম্পাদিত মেহের আলী মণ্ডল দিগরের সম্পাদিত শ্রী হৃষিকেশ মিত্রের নাম বরাবর বিক্রয় -কোবালা একেতা। উক্ত দলিল বেহালা জয়েন্ট সাবরেজেস্ট্রী -

অাফিসে ১নং বহির ৯ নম্বর ভলুমে ১৩৪ হইতে ১৩৭ নং পাতায় ৫১৩ নম্বর বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

২। সন ১৯৪০ সালের ১১ ই জুন তারিখে শ্রী হৃষিকেশ মিত্রের অনুকূলে ওহাজ সাফুই কর্ত্তৃক সম্পাদিত এককেতা বিক্রয় কোবালা উক্ত দলিল সন ১৯৪০ সালের আলিপুরের সদর জয়েন্ট সাব রেজেষ্ট্রী অাফিসে ১নং বহির ১৮ নং ভল্যুমে ৪৬ হইতে ৪৯ নং পাতায় ৯২৪ নং বিয়িংয়ে রেজেষ্ট্রী হইয়াছে ।

৩। সন ১৯৪০ সালে ১৬ই আগষ্ট তারিখে শ্রী হৃষিকেশ মিত্রের অনুকূলে শ্রীমতি আলেকজান বিবি কর্ত্তৃক সম্পাদিত এককেতা বিক্রয় কোবালা । উক্ত দলিল আলিপুর সদর জয়েন্ট সাবরেজেষ্ট্রী অফিসে ১৯৪০ সালের ১নং বহির ২৪ নং ভল্যুমে ২৬০ দুইশত বাট হইতে ২৬৫ নং পাতায় ১৩৯৫ নং বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

৪। সন ১৯৪০ সালে ১৬ ই আগষ্ট তারিখে শ্রী হৃষিকেশ মিত্রের অনুকূলে শ্রীমতি লেকজান বিবি দিগর কর্ত্তৃক সম্পাদিত এককেতা বিক্রয় কোবালা । উক্ত দলিল আলিপুর সদর জয়েন্ট সাবরেজেষ্ট্রী অফিসে ১৯৪০ সালে ১নং বহির ২৫ নং ভল্যুমে ১৭২ হইতে ১৭৭ নং পাতায় ১৩৯৯ নং বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

৫। সন ইং ১৯৪০ সালের ৪ঠা সেপ্টেম্বর তারিখে শ্রী হৃষিকেশমিত্রের অনুকূলে শ্রীমতি হামিদাননেছা বিবি কতৃক সম্পাদিত বিক্রয় কোবালা এককেতা । উক্ত দলিল আলিপুর সদর জয়েন্ট সাবরেজেষ্ট্রী অাফিসে ১৯৪০ সালে ১নং বহির ২৯ ভল্যুমে ৮৫ হইতে ৮৯ নং পাতায় ১৫০১ নং বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

৬। ১৯৪৩ সালে ২৬ শে মার্চচ তারিখে শ্রী অনাথ বন্ধু রায়ের নাম বরাবর নাবালক আজিজ সাফুই পক্ষে গার্জেন ওহাজ সাফুই কতৃক সম্পাদিত বিক্রয় কোবালা এককেতা । উক্ত দলিল আলীপুর সদর জয়েন্ট সাবরেজেষ্ট্রী অফিসের ১৯৪৩ সালের ১নং বহির ৮ নং ভল্যুমে ১৩৩ হইতে ১৩৭ নং পাতায় ৩৬১ নং বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

৭। সন ১৯৪৬ সালে ২০ শে জুন তারিখে শ্রী হৃষিকেশমিত্রের অনুকূলে শ্রী অনাথ বন্ধু রায় কর্তৃক সম্পাদিত এককেতা নাদাবীপত্র । উক্ত– দলিল আলীপুর সদর জয়েন্ট সাবরেজেষ্ট্রী আফিসের সন ১৯৪৬ সালের ১নং বহির ৩৬ নং ভল্যুমে ১৬২ হইতে ১৬৪ পাতায় ১৭৯৮ নং বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

৮। সন ১৯৫০ সাল ৯ই মার্চচ তারিখে মেসার্স রমানাথ এষ্টেট – লিমিটেড এর অনুকূলে শ্রী হৃষিকেশ মিত্র কতৃক সম্পাদিত বিক্রয় কোবালা এককেতা । উক্ত দলিল আলীপুর সদর জয়েন্ট সাব– রেজেষ্ট্রী আফিসে ১৯৫০ সালের ১নং বহির ২৮ নং ভল্যুমে ১২৭ হইতে ১৩৪ নং পাতায় ৯৭৫ নং বিয়িংএ রেজেষ্ট্রী– হইয়াছে ।

“ গ ” তপশীল দলিলের জায় –

যাহা অদ্য তারিখে কোবালা গ্রহিতাকে দেওয়া হইল ঃ–

১। ইংরাজী সন ১৯৬৯ সালে ১লা আগষ্ট তারিখে প্রথম পক্ষ মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড এবং দ্বিতীয় পক্ষ শ্রীমতি অর্চনা বোস দিগর কর্তৃক সম্পাদিত একবেতা এক্সচেঞ্জ দলিলপত্র উক্ত দলিল আলীপুর ডিষ্ট্রিক্ট সদর রেজেষ্ট্রী অফিসে ১৯৬৯ সালে ১নং বহির – ১০৫ নং ভল্যুমে ১৭৯ হইতে ১৮৬ নং পাতায় ৩৩৪৬ নম্বর বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

২। সন ১৯৬৯ সালে ১লা আগষ্ট তারিখে শ্রীমতি অর্চনা বসু দিগরের – অনুকূলে মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কর্তৃক সম্পাদিত – এককেতা বিক্রয় কোবালা । উক্ত দলিল আলীপুর ডিষ্ট্রিক্ট সাব রেজেষ্ট্রী অফিসের সন ১৯৬৯ সালের ১নং বহির ৯৬ নং ভল্যুমে – ১৮০ হইতে ১৮৫ পাতায় ৩৩৪২ নং বিয়িংএ রেজেষ্ট্রী হইয়াছে ।

৩। কলিকাতা কর্পোরেসানে ৪৭ সি নং মুর এভিনিউ প্রেমিসেসে অরিজিনালস্যাংসানড প্ল্যান ।

৪। কলিকাতা কর্পোরেসানে ৪৭সি।১নং মুর এভিনিউ প্রেমিসেসস্থিত বিক্রিত দ্বিতল বাটীর উপরে ত্রিতল বাটী প্রস্তুত করিবার জন্য কলিকাতা কর্পোরেসান - কর্ত্তৃক ৩০।৭।৭৪ তারিখে দুই কেতা ১৩৪ টি নম্বর - বিলডিং স্যাংসানড প্ল্যান ও তৎসহ স্যাংসণ্ড প্ল্যান ৩০।৭।৭৪ তারিখে ডেপুটি সিটি আরকিটেকড কতৃক দিয়ত শ্রীমতি শানুনা রায় দিগরের নাম বরাবর - প্রিনটেড চিঠি এক কেতা ।

৫। কলিকাতা কর্পোরেসনের আদায়ী মিউনিসিপ্যালিটীর - ট্যাক্স বিল ।

তপশীল টাকার জায় ঃ-

কোবালা গৃহীতার নিকট হইতে পণের সমুদয় টাকা নিম্নের জায়মত ৩০,০০০্ ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইলাম যথা ঃ-

S.R. ১। ইতিপূর্ব্বে ১৯৭৩ সনের অগ্রিম পাওয়া ২৫০০ টাকা [illegible] তারিখে বকী নগদ পাওয়া একুনে —
২০,০০০্ বিশ হাজার টাকা নগদ - ২০,০০০্

২। অদ্য তারিখে সম্পাদিত অত্র বিক্রয় দলিল দাত্রী আমার অনুকূলে কোবালা গৃহীতা ও তাহার - স্বামী শ্রীধ্রুব নাথ মুখোটি কর্ত্তৃক অপরিশোধিত ১০,০০০্ টাকা লোনের টাকার জন্য বিক্রিত সম্পত্তি বাবদ প্রথম বন্ধকী চার্জ্জ দলিল বাবদ ১০,০০০্

৩০,০০০্

Samhwana Roy

।২১।

মঃ ত্রিশ হাজার টাকা মাত্র।

Samhwana Roy

ইসাদী ঃ-

1. Sri Amal Kumar Ghosh, Advocate
12, Dr. Rajendra Road, Calcutta-20.


2. Rabindra Nath Bhattacharji

3. Ajit Kumar Basu
114/1 Sahinpur Rd, Cal-71

টাইপকারক-
শ্রীমিহির সেনগুপ্ত
আলিপুর জজ কোর্ট।


PLOT SOLD IS MARKED "A" WITH BORDER RED PORTION OF C.S. DAG NO - 417 & 418 KHATIAN NO - 177 MOUZA - SIBPUR J.L. NO - 42 P.S: JADABPUR DIST - 24 PRGNS. AND PORTION OF PREM NO - 47C/1 MOOR AVENUE - CAL - 40

SCALE - 30'-0" = 0'-1"   AREA - 3K - 9CH - 25 SFT




witness

1. Amal Kumar Ghosh, Advocate



Plan →

Book No. I

Volume No. 170

Pages 261 to 6

Being No. 6630

For the year 1974

Sub-Registrar of Alipore at Alipore
Dist. 24 Parganas,
2.1.75

সন ১৯৭৪। ২৮ই ডিসেম্বর , বাং ১৩৮১। ২ রা পৌষ

শ্রীমতী উমা মুখোটী – গৃহীতা

এবং

শ্রীমতি শানুনা রায় – দাতা

সাফ বিক্রয় কোবালা

Book No. I

Volume no. 170

Pages 258 to 279

Being No. 6430

for the year 1975

2.1.75